



সভাপতি শরিফ উল্লাহ



সা. সম্পাদক আবতাকরুজামান

চারি শিক্ষক সমিতি নির্বাচন সভাপতি সাধারণ সম্পাদকসহ বেশিরভাগ পদে নীল দল জয়ী

বিশুবিদ্যালয় সংবাদমাতা

ঢাকা বিশুবিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী লীগ পন্থি নীল দল সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষসহ সংখ্যাগরিষ্ঠ পদে জয়ী হয়েছে। ১৫টি পদের মধ্যে নীল দল ৮টি ও সাদা দল ৭টি পদে জয়লাভ করেছে। জয়ী: (পূ: ১১ ক: ৫)

জয়ী: নীল দল
(১ম পৃষ্ঠার পর)

নীল দলের অধ্যাপক শরিফ উল্লাহ উইয়া ও অধ্যাপক আবতাকরুজামান যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। সভাপতি পদে অধ্যাপক শরিফ উল্লাহ উইয়া প্রথমবারের মতো নির্বাচিত হয়েছে সাধারণ সম্পাদক পদে অধ্যাপক আবতাকরুজামান টানা ৩য় বারের মতো নির্বাচিত হলেন।

গতকাল সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশুবিদ্যালয় ক্লাবে ভোট গ্রহণ চলে। নির্বাচনে ১১০৬ জন শিক্ষক ভোট দেন। নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন বাংলা বিভাগের অধ্যাপক আহমদ কবির। নির্বাচন কমিশনার সন্ধ্যা ৭টায় আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন।

অধ্যাপক শরিফ উল্লাহ উইয়া ৫৫৬ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হন। প্রতিদ্বন্দ্বী প্রার্থী অধ্যাপক সদরুল আমিন পেয়েছেন ৫২৮ ভোট। অধ্যাপক আবতাকরুজামান ৫৫৮ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। প্রতিদ্বন্দ্বী প্রার্থী অধ্যাপক জামিদুল ইসলাম পেয়েছেন ৫১৬ ভোট। এছাড়া সহ-সভাপতি পদে অধ্যাপক তাজমেরী এস ইসলাম ৫৫১ ভোট, কোষাধ্যক্ষ পদে ড. আশরাফ উদ্দিন চৌধুরী ৫৫৯ ভোট ও যুগ্ম সম্পাদক পদে ড. মামুন আহমেদ ৫৬৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

১০টি সদস্য পদের মধ্যে নীল দল ও সাদা দল ৫টি করে পদ পেয়েছে। নীল দলের অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক (৫৮৭ ভোট), অধ্যাপক আরআইএম আমিনুর রশিদ (৫৯৭ ভোট), অধ্যাপক এজ্জেডএম নওশের আলী খান (৫২২ ভোট), অধ্যাপক সাদেকা হালিম (৫৩২ ভোট) পেয়ে জয়লাভ করেন।

সাদা দলের অধ্যাপক আবু আহমেদ (৬১২ ভোট), অধ্যাপক জামান উদ্দিন আহমেদ (৫৩৭ ভোট), ড. শাহজাহান মিয়া (৫২৮ ভোট), অধ্যাপক সিরাজুল ইসলাম (৫৭৭ ভোট), ড. সালেহীন কাদরী (৫৮৮ ভোট) পেয়ে জয়লাভ করেন।

নবনির্বাচিত সভাপতি অধ্যাপক শরিফ উল্লাহ উইয়া বলেছেন, নির্বাচনে শিক্ষকদের মতামতের প্রতিফলন ঘটেছে। সাধারণ সম্পাদক অধ্যাপক আবতাকরুজামান বলেন, শিক্ষকদের সৃষ্টিত মতামতই নির্বাচনে প্রতিফলিত হয়েছে। তিনি বলেন, নীল দল '৭৩-এর অধ্যাদেশ অনুযায়ী শিক্ষকদের বার্ষিক সংরক্ষণ ও মর্যাদা রক্ষার জন্য কাজ করবে।

এদিকে সাদা দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক অধ্যাপক ফেরদৌস হোসেন বিজ্ঞপ্তি দলকে অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, আগামীতে বিজ্ঞপ্তি শিক্ষকদের বার্ষিক কাজ করবেন- এটাই তার প্রত্যাশা।